



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১, কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd



মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮-০২-৮১৮৯৪২৬
ই-মেইল: dg@dncrp.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ০৫

তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

প্রিয় মহোদয়,

আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, সরকার ভোক্তা-অধিকার সংরক্ষণ ও ভোক্তা বিরোধী কাজ প্রতিরোধের উদ্দেশ্যে ২০০৯ সালে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন প্রণয়ন করে এবং জনগুরুত্বপূর্ণ এ আইন বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠা করে 'জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর'। দেশের আপামর জনসাধারণের স্বার্থে ভোক্তা-অধিকার সমুন্নত রাখার লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকায় বাজার তদারকিমূলক কার্যক্রম চলমান আছে। এ ছাড়াও ভোক্তাগণের নিকট থেকে প্রাপ্ত অভিযোগসমূহ আইনানুগভাবে নিষ্পত্তি করা হচ্ছে।

২। আগামী ১৫ মার্চ ২০২০ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস। কনজুমার্স ইন্টারন্যাশনাল (সিআই) এর উদ্যোগে বাংলাদেশসহ বিশ্বের ১২০টি দেশ-এ দিবসটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদযাপন করে আসছে। বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধান এবং প্রশাসনের সহযোগিতায় জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর যৌথ উদ্যোগে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে দেশব্যাপী দিবসটি উদযাপনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে বছরব্যাপী কর্মসূচি গ্রহণ করা হচ্ছে। এরই অংশ হিসেবে এবারের “বিশ্ব ভোক্তা-অধিকার দিবস” উদযাপন বঙ্গবন্ধুর নামে উৎসর্গ করা হয়েছে এবং মুজিববর্ষকে সামনে রেখে দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে মুজিববর্ষের অঙ্গীকার, সুরক্ষিত ভোক্তা-অধিকার।

৩। জেলা প্রশাসনের প্রধান নির্বাহী হিসেবে “বিশ্ব ভোক্তা-অধিকার দিবস” উদযাপনে আপনি প্রয়োজনীয় সহযোগিতা করবেন এবং আপনার নিয়ন্ত্রণাধীন উপজেলা নির্বাহী অফিসারবৃন্দকে দিকনির্দেশনা প্রদান করবেন বলে আমি বিশ্বাস করি। দিবস উদযাপনের বিষয়ে জেলা পর্যায়ে কর্মরত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক আপনার সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখবেন। আপনার যোগ্য ও গতিশীল নেতৃত্বে জনকল্যাণে গৃহীত অন্যান্য কর্মকান্ডের ন্যায় “বিশ্ব ভোক্তা-অধিকার দিবস-২০২০”ও সফলভাবে উদযাপিত হবে বলে প্রত্যাশা রাখছি।

পরিশেষে আপনার ও আপনার অন্যান্য সহকর্মীদের জন্য শুভ কামনা করছি।

আন্তরিকভাবে আপনার,

আন্তরিকভাবে আপনার,

১৬-০২-২০২০
(বাবলু কুমার সাহা)

জেলা প্রশাসনে
(স্বাক্ষর)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।